

ধারাসমূহ

- ১। সংক্ষিপ্ত শিরোনামা ও প্রবর্তন
- ২। Act II of 1899 এর সংশোধন
- ৩। Act XV of 1963 এর সংশোধন
- ৪। Act IV of 1969 এর সংশোধন
- ৫। Act XXIII of 1980 এর সংশোধন
- ৬। Ordinance XXXVI of 1984 এর সংশোধন
- ৭। Ordinance XLIII of 1985 এর রহিতকরণ
- ৮। Ordinance XLV of 1986 এর সংশোধন
- ৯। ১৯৯১ সনের ২২ নং আইনের সংশোধন
- ১০। আয়কর

প্রথম তফসিল

দ্বিতীয় তফসিল

তৃতীয় তফসিল

অর্থ আইন, ১৯৯৪

১৯৯৪ সনের ১১ নং আইন

[১ জুলাই, ১৯৯৪]

সরকারের আর্থিক প্রস্তুতাবলী কার্যকরকরণ এবং কতিপয় আইন সংশোধনকল্পে প্রণীত আইন।

যেহেতু সরকারের আর্থিক প্রস্তুতাবলী কার্যকরকরণ এবং নিম্নবর্ণিত উদ্দেশ্যসমূহ পূরণকল্পে কতিপয় আইন সংশোধন করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল :-

সংক্ষিপ্ত শিরোনামা ও
প্রবর্তন

১। (১) এই আইন অর্থ আইন, ১৯৯৪ নামে অভিহিত হইবে।

(২) The Provisional Collection of Taxes Act, 1931 (XVI of 1931) এবং উহার অধীনে জারীকৃত ঘোষণা সাপেক্ষে, এই আইন ১৯৯৪ সনের ১লা জুলাই তারিখ হইতে কার্যকর হইবে।

Act II of 1899
এর সংশোধন

২। Stamp Act, 1899 (II of 1899) এর Schedule I এর-

(১) এন্ট্রি 18 (Certificate of Sale) এর শেষে নিম্নরূপ Exemption সংযোজিত হইবে, যথা:-

Exemption

Where a house mortgaged with the Bangladesh House Building Finance Corporation established under the Bangladesh House Building Finance Corporation Order, 1973 (President's Order No. 7 of 1973), is purchased by the Bangladesh House Building Finance Corporation itself in a public auction by a civil court or by Aurtho Rin Adalat (অর্থ ঋণ আদালত) established under অর্থ ঋণ আদালত আইন, ১৯৯০ (১৯৯০ সনের ৪ নং আইন) or a revenue court or Collector or any other revenue officer, no stamp duty will be payable by the said Corporation.”;

(২) এন্ট্রি 23 (Conveyance) এর বিপরীতে দ্বিতীয় কলামে “12%” সংখ্যা ও চিহ্নটির পরিবর্তে “10%” সংখ্যা ও চিহ্নটি প্রতিস্থাপিত হইবে;

(৩) এন্ড্রি 48 এর item (c) এর বিপরীতে দ্বিতীয় কলামের “amount of the consideration.” শব্দগুলি ও ফুন্ডস্টপটির পরিবর্তে “amount of the consideration:” শব্দগুলি ও কোলনটি প্রতিস্থাপিত হইবে এবং তৎপর নিম্নরূপ শর্তাংশ ও ব্যাখ্যা সংযোজিত হইবে, যথা:-

“Provided that in the case of a power of a attorney given by a loanee while obtaining loans, advances or any other credit facilities from any scheduled bank or financial institution empowering such bank or institution to realise the loan amount from him, in the event of default by him, by selling his immovable property, no stamp duty will be payable.”

Explanation.- In this clause,-

- (a) “financial institution” means the Bangladesh Shilpa Bank established by the Bangladesh Shilpa Bank Order, 1972 (President’s Order No. 129 of 1972), the Bangladesh Shilpa Rin Sangstha established by the Bangladesh Shilpa Rin Sangstha Order, 1972 (President’s Order No. 128 of 1972) and the Bangladesh House Building Finance Corporation established under the Bangladesh House Building Finance Corporation Order, 1973 (President’s Order No. 7 of 1973); and
- (b) “scheduled bank” means a scheduled bank as defined in clause (j) article 2 of the Bangladesh Bank Order, 1972 (President’s Order No. 127 of 1972)”.

৩। Wealth Tax Act, 1963 (XV of 1963) এর section 5 এর sub-section (1) এর clause (XIII) এর পরিবর্তে নিম্নরূপ clause (XIII) প্রতিস্থাপিত হইবে, যথা:-

Act XV of 1963
এর সংশোধন

“(XIII) a house or an apartment or a flat owned and occupied solely by an assessee for the purpose of his own residence;”।

৪। Customs Act, 1969 (IV of 1969) এর-

Act IV of 1969
এর সংশোধন

(১) section 25 এর পর নিম্নরূপ section 25A সন্নিবেশিত হইবে, যথা :-

“25A. Notwithstanding anything contained in any other section of this Act, the Government may, by notification in the

official Gazette, declare that the quality, quantity, price and customs classification of goods verified and certified in the prescribed manner by an approved preshipment inspection agency will be accepted as the basis for assessment.”;

(2) section 200 এর “examination by an officer of Customs, removal or warehousing thereof shall be done, and any facilities or assistance required for any such examination shall be provided, by or at the expense of the owner of the goods” শব্দগুলি ও কমাগুলির পরিবর্তে “examination, including any investigation, scientific or chemical test or draft survey, by an officer of Customs, removal or warehousing thereof shall be done, and any facilities or assistance required for any such examination, investigation, test or survey shall be provided, by or at the expense of the owner of the good” শব্দগুলি ও কমাগুলি প্রতিস্থাপিত হইবে;

(3) First Schedule এই আইনের প্রথম তফসিলে বর্ণিতরূপে সংশোধিত হইবে।

Act XXIII of
1980 এর সংশোধন

৫। The Finance Act, 1980 (XXIII of 1980) এর section 12 এর-

(১) sub-section (1) এর-

(ক) clause (a) এর “seventeen hundred and fifty taka” শব্দগুলির পরিবর্তে “eighteen hundred taka” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(খ) clause (b) এর “five hundred and fifty taka” শব্দগুলির পরিবর্তে “six hundred taka” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(গ) clause (c) এর “twelve hundred and fifty taka” শব্দগুলির পরিবর্তে “thirteen hundred taka” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(২) sub-section (1A) এর “two hundred taka per traveller by land and five hundred and fifty taka” শব্দগুলির পরিবর্তে “two hundred and fifty taka per traveller by land and six hundred taka” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

Ordinance
XXXVI of 1984
এর সংশোধন

৬। Income Tax Ordinance, 1984 (XXXVI of 1984) এর-

(১) section 28 এর sub-section (1) এর clause (g) এর শেষ প্রান্তস্থিত ফুলস্টপটির পরিবর্তে একটি সেমিকোলন প্রতিস্থাপিত হইবে এবং তৎপর নিম্নরূপ নূতন clause (h) সন্নিবেশিত হইবে, যথা :-

“(h) the amount of income under section 19(23).”;

- (২) section 29 এর sub-section (1) এর clause (xviiiia) তে “four and a half per cent” শব্দগুলির পরিবর্তে “five per cent” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;
- (৩) section 30 এর clause (e) তে “sixty thousand” শব্দগুলির পরিবর্তে “seventy-two thousand” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;
- (৪) section 33 এর clause (d) এর পরিবর্তে নিম্নরূপ clause (d) প্রতিস্থাপিত হইবে, যথা :-
- “(d) any income to which section 19(1), (2), (3), (4), (5) (8), (9), (10), (11), (12), (13) or (21) applies;”;
- (৫) section 45 এর sub-section (2B) এর-
- (ক) clause (c) বিলুপ্ত হইবে;
- (খ) clause (cc) এর “twenty-five per cent.” শব্দগুলির পরিবর্তে “thirty per cent” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;
- (৬) section 46 এর sub-section (2B) এর-
- (ক) clause (c) বিলুপ্ত হইবে;
- (খ) clause (cc) এর “twenty-five per cent.” শব্দগুলির পরিবর্তে “thirty per cent” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;
- (৭) section 53H এর sub-section (2) এর-
- (ক) clause (a) এর পরিবর্তে নিম্নরূপ clause (a) প্রতিস্থাপিত হইবে, যথা:-
- “(a) sale by a bank or any financial institution as a mortgagee empowered to sell;” এবং
- (খ) clause (e) এর নিম্নরূপ Explanation সংযোজিত হইবে, যথা :-
- “**Explanation.-** In this sub-section, “financial institution” shall mean the Bangladesh House Building Finance Corporation, the Bangladesh Shilpa Bank and the Bangladesh Shilpa Rin Sangshta.”;
- (৮) section 55 এর “payable on the amount at the rates specified in paragraph 3 (b) of the Second Schedule” শব্দগুলি, সংখ্যাটি, বন্ধনীগুলি ও অক্ষরটির পরিবর্তে “payable on the amount at the rate of twenty per cent” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

- (৯) section 72 এর sub-section (1) এর "twelve per cent." শব্দগুলির পরিবর্তে "ten per cent" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;
- (১০) section 73 এর sub-section (1) এর "twelve per cent." শব্দগুলির পরিবর্তে "ten per cent" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;
- (১১) section 83 এর পরিবর্তে নিম্নরূপ section 83 প্রতিস্থাপিত হইবে, যথা :-

"83. Assessment after hearing and consideration of evidence.- (1) Where a return or revised return has been filed by a person under Chapter VIII and the Deputy Commissioner of Taxes is not satisfied with the income shown in the return or with the accounts or the evidences submitted with the return, he shall give a notice to such person in writing specifying therein the defects or shortcomings in the return or any other reason for his dissatisfaction so as to provide an opportunity to the person to furnish in writing his explanation or clarification for rectifying or removing the defects or shortcomings or the reason for dissatisfaction, as the case may be, and the Deputy Commissioner of Taxes shall, if satisfied with such explanation or clarification, assess, within thirty days of the receipt of the explanation or clarification, recording his findings and the basis of computation of total income in the assessment order, the total income of the assessee and determine the tax payable by him, and communicate the order to the assessee within thirty days next following.

- (2) Where the Deputy Commissioner of Taxes is not satisfied with the explanation or clarification furnished under sub-section (1) or where no such explanation or clarification furnished, the Deputy Commissioner of Taxes shall serve on the person concerned a notice requiring him, on a date therein to be specified, to appear before him, or to produce or cause to be produced before him or at his office, any evidence in support of the return and after hearing the person appearing, or considering the evidence produced before him, the Deputy Commissioner of Taxes shall assess, recording the basis of computation in the assessment order, the total income of the assessee and determine the tax payable by him, within thirty days after the completion of the hearing or consideration, as the case may be, and communicate the order to the assessee within thirty days next following.";

- (১২) section 83A এর sub-section (4) এর “fifteen hundred” শব্দগুলির পরিবর্তে “eighteen hundred” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;
- (১৩) section 84 এর clause (c) এর “section 83(1)” শব্দটি, সংখ্যাগুলি ও বন্ধনীগুলির পরিবর্তে “section 83(2)” শব্দটি, সংখ্যাগুলি ও বন্ধনীগুলি প্রতিস্থাপিত হইবে;
- (১৪) section 94 এর-
- (ক) sub-section (3) এর “121,” সংখ্যাটি ও কমাটির পর “152E,” সংখ্যাটি, অক্ষরটি ও কমাটি সন্নিবেশিত হইবে;
- (খ) Explanation I এর “121,” সংখ্যাটি ও কমাটির পর “152E,” সংখ্যাটি, অক্ষরটি ও কমাটি সন্নিবেশিত হইবে;
- (গ) Explanation II এর “121,” সংখ্যাটি ও কমাটির পর “152E,” সংখ্যাটি, অক্ষরটি ও কমাটি সন্নিবেশিত হইবে;
- (১৫) section 151 এর “fifteen pre cent” শব্দগুলির পরিবর্তে “ten pre cent” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;
- (১৬) Chapter XVIII এর পর নিম্নরূপ Chapter XVIIIA সন্নিবেশিত হইবে, যথা :-

“CHAPTER XVIIIA SETTLEMENT OF CASES

152A. Definitions.- In this Chapter, unless there is anything repugnant in the subject or context,-

- (i) “bench” means a bench of the Commission;
- (ii) “case” means any proceedings under this Chapter relating to any order mentioned in clause (a) and (b) of sub-section (1) of section 152D;
- (iii) “Chairman” means the Chairman of the Commission;
- (iv) “Commission” means the Taxes Settlement Commission appointed under section 152B; and
- (v) “member” means a full-time or a part-time member of the Commission, and includes the Chairman thereof.

152B. Taxes Settlement Commission.- (1) The Government shall appoint a Commission to be called the Taxes Settlement Commission which shall exercise the powers conferred upon and discharge the functions assigned to it under this Chapter.

- (2) The Commission shall consist of a Chairman and as many full-time and part-time members as may be determined by the Government from time to time.
- (3) The Chairman and other members of the Commission shall be appointed by the Government from amongst persons of integrity and outstanding ability having amongst knowledge of, and experience in, matters relating to income tax law, accounts, trade, commerce, industry, business and administration.

152C. Powers and Functions of the Commission.- (1) The powers and functions of the Commission shall be exercised and discharged by benches of the Commission to be constituted by the Chairman.

- (2) A bench shall ordinarily consist of two full-time members or one full-time member and one part-time member and shall be presided over by the Chairman:

Provided that where the Chairman is not a member of the bench, the Chairman shall authorise any member of the bench to preside over it.

- (3) Subject to the provisions of this Ordinance, the Commission shall regulate its own procedure and the procedures of its benches in all matters arising out of the discharge of its functions including the places at which a bench shall hold its sittings.
- (4) If the members of a bench differ in opinion as to the decision to be given on any point,-
 - (a) the point shall be decided according to the opinion of the majority, if there is a majority;
 - (b) if the members are equally divided and the Chairman of the Commission is not himself a member of the bench, the case shall be referred to the Chairman and the decision of the Commission shall be expressed in terms of the opinion of the Chairman; and
 - (c) if the members are equally divided and the Chairman of the Commission is himself a member of the bench, the opinion of the Chairman shall prevail and the decision of the Commission shall be expressed in terms of the opinion of the Chairman.

- (5) The order of the Commission in any case or on any point shall be final and conclusive:

Provided that in a case where the Commission is of the opinion that the case involves a substantial question of law, it may, at any time, transfer the case to the Income Tax Appellate Tribunal, and the provisions of Chapter XIX shall apply to the case so transferred.

152D. Application for Settlement of Cases.- (1) An assessee, not being a company having a paid up capital of taka fifty lakhs or above, may make an application in the prescribed form and verified in the prescribed manner to the Commission if he is aggrieved by an order of-

- (a) an Inspecting Joint Commissioner of Taxes under section 10 or section 120; or
 - (b) a Deputy Commissioner of Taxes under Chapter IX of this Ordinance.
- (2) No application under sub-section (1) shall lie before the Commission unless-
- (a) the assessee has filed the return of income under this Ordinance and the income tax payable on the basis of such return has been paid;
 - (b) the assessee has waived his right of appeal or revision, as the case may be;
 - (c) the application has been made within sixty days of the receipt of the order referred to in sub-section (1); and
 - (d) the application made under sub-section (1) is accompanied by a fee of taka three hundred.

- (3) An assessee having made an application under sub-section (1) shall not be allowed to withdraw it.

152E. Disposal of application by the Commission.- (1) The Commission, on having received the application, may either allow the application or may reject the same if it is satisfied that any one or more of the conditions laid down in sub-section (2) of section 152D have not been complied with:

Provided that the application shall not be rejected under this sub-section unless an opportunity has been given to the applicant of being heard.

(2) Where an application is allowed under sub-section (1), the Commission may call for the relevant records from the Commissioner and after examination of such records and such other evidences, as it may deem fit, pass an order after giving to the applicant and the Commissioner an opportunity of being heard in person or through their authorised representatives.

(3) Every order passed under sub-section (2) shall provide for the terms of settlement including any demand of tax, penalty or interest, the manner in which any sum due under the settlement shall be paid and all other matters necessary to make the settlement effective.

(4) The Commission shall pass its order under this section within six months from the date of the receipt of the application and shall communicate the order to the applicant and the Commissioner within thirty days from the date of passing of such order.”;

(১৭) section 153 এর sub-section (3) এর clause (b) এর পরিবর্তে নিম্নরূপ clause (b) প্রতিস্থাপিত হইবে, যথা :-

“(b) in the case of assessment under section 84A, twenty-five per cent of the tax payable on the basis of such assessment or the tax payable under section 74, whichever is the higher, has been paid.”;

(১৮) section 155 এর-

(ক) sub-section (1) এর clause (c) এর শেষ প্রান্তস্থিত ফুলস্টপটির পরিবর্তে একটি কোলন প্রতিস্থাপিত হইবে এবং তৎপর নিম্নরূপ নূতন proviso সংযোজিত হইবে, যথা :-

“Provided that an order of assessment or penalty shall not be set aside except in a case where the Appellate Joint Commissioner or the Commissioner (Appeals) is satisfied that a notice on the assessee has not been served in accordance with the provisions of section 178.”;

(খ) sub-section (5) এর প্রান্তস্থিত "Commissioner" শব্দটির পর "within thirty days of the passing of such order" শব্দগুলি সন্নিবেশিত হইবে;

(১৯) section 163 এর sub-section (3) এর-

(ক) clause (p) এর শেষ প্রান্তস্থিত "or" শব্দটি বিলুপ্ত হইবে;

(খ) clause (q) এর শেষ প্রান্তস্থিত ফুলটপটির পরিবর্তে ";or" সেমিকোলনটি ও শব্দটি প্রতিস্থাপিত হইবে এবং তৎপর নিম্নরূপ নূতন clause (r) সংযোজিত হইবে, যথা :-

"(r) a list of highest tax-payers in accordance with rules made in this behalf.";

(২০) THE SECOND SCHEDULE এর Paragraph 3 এর পরিবর্তে নিম্নরূপ Paragraph 3 প্রতিস্থাপিত হইবে, যথা :-

"3. Where the total income of an assessee includes any income from "winnings" referred to in section 19(13) chargeable under the head "Income from other sources" (hereinafter referred to as the "said income"), the tax payable by him on the said income shall be at the rate applicable to his total income including the said income or at the rate of twenty percent., whichever is the lower.";

(২১) THE SIXTH SCHEDULE এর Part B এর-

Bangladesh Tax Update
www.kdroy.com.bd/www.ltr.com.bd

(ক) Paragraph 8 পর sub-paragraph (b) এর পরিবর্তে নিম্নরূপ sub-paragraph (b) প্রতিস্থাপিত হইবে, যথা :-

"(b) in the case of any other body corporate, it shall be established by or under an Act of Parliament.";

(খ) Paragraph 10 এর sub-paragraph (1) এর clause (a) এর "in this behalf" শব্দগুলির পর "and as are purchased not later than the thirtieth day of June, 1994" শব্দগুলি, কমাটি ও সংখ্যাটি সন্নিবেশিত হইবে;

৭। Jamuna Multipurpose Bridge (Surcharge and Levy) Ordinance, 1985 (XLIII of 1985) এতদ্বারা রহিত করা হইল।

Ordinance
XLIII of 1985
এর রহিতকরণ

Ordinance XLV
of 1986 এর
সংশোধন

৮। Finance Ordinance, 1986 (XLV of 1986) এর Section 12 এর sub-section (1) এর “at the rate of one per cent. on the amount or value of the consideration of the immovable property transferred” শব্দগুলির পরিবর্তে “at the rate of,-

- (a) in the case of an area falling within a municipality or a city for which there is a City Corporation, on per cent, and
- (b) in the case of any other area, one half of one per cent,

On the amount or value of the consideration of the immovable property transferred” শব্দগুলি, কমাগুলি, বন্ধনীগুলি ও অক্ষরগুলি প্রতিস্থাপিত হইবে।”।

১৯৯১ সনের ২২ নং
আইনের সংশোধন

৯। মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর-

(১) ধারা ২ এর-

(ক) দফা (গ) এর পরিবর্তে নিম্নরূপ দফা (গ) প্রতিস্থাপিত হইবে, যথা:-

“(গ) “উপকরণ” (input) অর্থ সকল প্রকার কাঁচামাল, মোড়ক সামগ্রী, সেবা এবং যন্ত্রপাতি; তবে শ্রম, ভূমি, ইमारত, অফিস যন্ত্রপাতি ও যানবাহন ইহার অন্তর্ভুক্ত হইবে না;”;

(খ) দফা (ঘ) এর পর নিম্নরূপ নূতন দফা (ঘঘ) সন্নিবেশিত হইবে, যথা:-

“(ঘঘ) “কমিশন” অর্থ এই আইনের ধারা ৮ক এর অধীন গঠিত টার্গেটভার কর নির্ধারণ কমিশন;”;

(গ) দফা (ঞ) এর পর নিম্নরূপ নূতন দফা (ঞঞ) সন্নিবেশিত হইবে, যথা:-

“(ঞঞ) “চেয়ারম্যান” অর্থ কমিশনের চেয়ারম্যান;”;

(ঘ) দফা (দ) এর পর নিম্নরূপ নূতন দফা (দদ) সন্নিবেশিত হইবে, যথা:-

“(দদ) “বেঞ্চ” অর্থ কমিশনের এক বা একাধিক সদস্যের সমন্বয়ে গঠিত কোন বেঞ্চ;”;

(ঙ) দফা (ম) এর “বাংলাদেশে” শব্দটির পর “তৎকর্তৃক” শব্দটি সন্নিবেশিত হইবে;

(চ) দফা (ফ) এর পর নিম্নরূপ নূতন দফা (ফফ) সন্নিবেশিত হইবে, যথা:-

“(ফফ) “সদস্য” অর্থ কমিশনের কোন সদস্য এবং চেয়ারম্যানও ইহার অন্তর্ভুক্ত হইবেন;”;

(২) ধারা ৫ এ-

(ক) উপ-ধারা (৪) এর শর্তাংশের পরিবর্তে নিম্নরূপ শর্তাংশ প্রতিস্থাপিত হইবে, যথা :-

“তবে শর্ত থাকে যে, কোন নির্দিষ্ট সেবার ক্ষেত্রে বোর্ড, আদেশ দ্বারা, প্রকৃত মূল্য সংযোজনের অথবা তৎকর্তৃক এতদুদ্দেশ্যে সরকারী গেজেটে প্রজ্ঞাপনের মাধ্যমে মূল্য সংযোজনের নির্ধারিত হারের ভিত্তিতে মূল্য সংযোজন কর ধার্য করিতে পারিবে।”;

(খ) উপ-ধারা (৬) বিলুপ্ত হইবে;

(৩) ধারা ৮ এর পর নিম্নরূপ নূতন ধারাসমূহ সন্নিবেশিত হইবে, যথা :-

“৮ক। টার্নওভার কর নির্ধারণ কমিশন- (১) সরকার, সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, ধারা ৮ এর অধীন দুই শতাংশ হারে টার্নওভার কর প্রদানের পরিবর্তে বার্ষিক ভিত্তিতে প্রদেয় টার্নওভার কর নির্ধারণ এবং সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তাগণ কর্তৃক গৃহীত টার্নওভার কর সম্পর্কিত যে কোন সিদ্ধান্তের বিরুদ্ধে আপীল নিষ্পত্তির জন্য টার্নওভার কর নির্ধারণ কমিশন নামীয় একটি কমিশন গঠন করিবে।

(২) সরকার, সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, শুল্ক, আবগারী, মূল্য সংযোজন কর, আয়কর, বিচারকার্য, হিসাব নিরীক্ষণ, ব্যবসায়-বাণিজ্য ও প্রশাসন কার্যে বিশেষ জ্ঞান, দক্ষতা ও যোগ্যতাসম্পন্ন ব্যক্তিগণের মধ্য হইতে কমিশনের একজন সার্বক্ষণিক চেয়ারম্যান ও সরকারের বিবেচনায় প্রয়োজনীয় সংখ্যক অন্যান্য সার্বক্ষণিক বা খণ্ডকালীন সদস্য নিয়োগ করিবে।

৮খ। কমিশনের ক্ষমতা ও দায়িত্ব- (১) কমিশনের ক্ষমতা ও দায়িত্ব চেয়ারম্যান কর্তৃক কমিশনের সদস্যগণের সম্মুখে গঠিত বেঞ্চসমূহ কর্তৃক প্রয়োগ ও পালন করা হইবে।

(২) কমিশনের কোন বেঞ্চ এক বা একাধিক সদস্যের সম্মুখে গঠিত হইবে এবং প্রত্যেক বেঞ্চের এলাকা ভিত্তিক অধিক্ষেত্র চেয়ারম্যান কর্তৃক নির্ধারিত হইবে।

(৩) কমিশনের কোন বেঞ্চের বৈঠকে সভাপতিত্ব করিবেন চেয়ারম্যান :

তবে শর্ত থাকে যে, যে ক্ষেত্রে চেয়ারম্যান কোন বেঞ্চের সদস্য নহেন সে ক্ষেত্রে চেয়ারম্যানের নিকট হইতে এতদুদ্দেশ্যে ক্ষমতাপ্রাপ্ত কোন সদস্য চেয়ারম্যানের দায়িত্ব পালন করিবেন।

- (৪) চেয়ারম্যান কমিশন ও উহার বেঞ্চসমূহের কার্যপদ্ধতি নির্ধারণ করিবেন এবং বেঞ্চসমূহের বৈঠকের স্থানসমূহও নির্দিষ্ট করিয়া দিবেন।
- (৫) কোন বিষয়ে সিদ্ধান্ত প্রদানের ক্ষেত্রে কোন বেঞ্চের সদস্যগণের মধ্যে মতানৈক্য দেখা দিলে-
- (ক) বিষয়টি সম্পর্কে সংখ্যাগরিষ্ঠের অভিমতের ভিত্তিতে, যদি সংখ্যাগরিষ্ঠতা থাকে, সিদ্ধান্ত গ্রহণ করা হইবে;
- (খ) যদি মতানৈক্যের ব্যাপারে কোন বেঞ্চের সদস্যগণ সমভারে বিভক্ত হন এবং কমিশনের চেয়ারম্যান স্বয়ং উক্ত বেঞ্চের সদস্য না হন, তাহা হইলে বিষয়টি চেয়ারম্যানের নিকট প্রেরণ করা হইবে এবং চেয়ারম্যানের সিদ্ধান্তকে কমিশনের সিদ্ধান্ত বলিয়া গণ্য করা হইবে; এবং
- (গ) যদি মতানৈক্যের ব্যাপারে কোন বেঞ্চের সদস্যগণ সমভারে বিভক্ত হন এবং চেয়ারম্যান স্বয়ং উক্ত বেঞ্চের সদস্য হন, তাহা হইলে চেয়ারম্যানের অভিমত প্রাধান্য পাইবে এবং চেয়ারম্যানের অভিমত অনুসারে কমিশনের সিদ্ধান্ত দেওয়া হইবে।

৮গ। কমিশনের নিকট আবেদন ও আপীল- (১) এই আইনের অন্য কোন ধারায় যাহা কিছু থাকুক না কেন, কোন করদাতা বিধি দ্বারা নির্ধারিত ফরমে ও পদ্ধতিতে ধারা ৮ এর অধীন বার্ষিক ভিত্তিতে টার্নওভার কর নির্ধারণ অথবা সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তাগণ কর্তৃক গৃহীত এতদসম্পর্কিত যে কোন সিদ্ধান্তের বিরুদ্ধে আবেদন ও আপীল পেশ করিতে পারিবেন।

(২) কমিশন আবেদন বা, ক্ষেত্রমত, আপীলটি নিষ্পত্তি করার পূর্বে, আবেদন বা আপীলে বর্ণিত বিষয়ে প্রয়োজনীয় তথ্য ও রেকর্ডপত্র তলব করিতে পারিবে এবং বিষয়টির প্রকৃতি ও পরিস্থিতির ভিত্তিতে, আদেশ দ্বারা, আবেদন বা আপীলটি গ্রহণ বা প্রত্যাহান করিতে পারিবে।

(৩) যে ক্ষেত্রে উপ-ধারা (২) এর অধীন আবেদন বা আপীল গৃহীত হয় সে ক্ষেত্রে কমিশন, সংশ্লিষ্ট কর্মকর্তার নিকট হইতে প্রয়োজনীয় রেকর্ডপত্র তলব করিতে পারিবে; এবং প্রয়োজনীয় রেকর্ডপত্র পরীক্ষা ও আবেদনকারীকে, এবং প্রযোজ্য ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্মকর্তাকে, শুনানীর সুযোগ প্রদান করিয়া আবেদন ও আপীলটি উহা পেশ করার তারিখ হইতে ষাট কার্যদিবসের মধ্যে, নিষ্পত্তি করিবে।

(৪) উপ-ধারা (২) এর অধীন গৃহীত আবেদন বা আপীল নিষ্পত্তি করার প্রয়োজনে কমিশনের যে কোন সদস্য বা সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তা, যুক্তিসংগত নোটিশ প্রদান করিয়া, আবেদনকারীর বা আপীলকারীর ব্যবসায়স্থল, পণ্য প্রস্তুতকরণ বা উৎপাদনের স্থান বা সেবা প্রদানের স্থানে প্রবেশ করিতে পারিবেন এবং তাহার সংশ্লিষ্ট নথিপত্র, যন্ত্রপাতি এবং পণ্য প্রস্তুতকরণ ও উৎপাদন এবং সেবাপ্রদান কার্যক্রম সম্পর্কিত যে কোন তথ্য সংগ্রহ করিতে পারিবেন।

- (৫) কোন করদাতা মূল্য সংযোজন করের আওতায় নিবন্ধনযোগ্য অথবা ধারা ৮ এর অধীন টার্গেটভার কর প্রদানযোগ্য কিনা তাহা নির্ধারণের জন্য এই ধারার অধীনে কমিশনের নিকট কোন আবেদন বা আপীল পেশ করা যাইবে না।
- (৬) কমিশন কর্তৃক প্রদত্ত কোন সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া গণ্য হইবে এবং তৎসম্পর্কে কোন আদালত বা কর্তৃপক্ষের নিকট কোন প্রশ্ন উত্থাপন করা যাইবে না।”;
- (৪) ধারা ১৫ এর উপ-ধারা (২) এর শেষ প্রান্তস্থিত দাঁড়ির পরিবর্তে একটি কোলন প্রতিস্থাপিত হইবে এবং তৎপর নিম্নরূপ শর্তাংশ সংযোজিত হইবে, যথা:-

“তবে শর্ত থাকে যে, যে ক্ষেত্রে উক্তরূপ কোন পণ্য সরবরাহ বা সেবা প্রদান বা আমদানি বা রপ্তানি ব্যবসায় পরিচালনা কেন্দ্রীয়ভাবে করা হয় এবং উহার হিসাব-নিকাশ ও রেকর্ডপত্র অনুরূপভাবে সংরক্ষিত হয়, সে ক্ষেত্রে বোর্ড, সরকারী গেজেটে সাধারণ বা বিশেষ আদেশ দ্বারা, শুধুমাত্র উক্ত পণ্য সরবরাহের, সেবা প্রদানের বা, ক্ষেত্রমত, আমদানি বা রপ্তানি ব্যবসায়ের সদর দপ্তরকে এই ধারার অধীন নিবন্ধিত করার নির্দেশ প্রদান করিতে পারিবে।”;

- (৫) ধারা ১৭ এর বিদ্যমান বিধানটি উক্ত ধারার উপ-ধারা (১) হিসাবে পুনর্সংখ্যায়িত হইবে এবং তৎপর নিম্নরূপ উপ-ধারা (২) সংযোজিত হইবে, যথা:-

“(২) এই আইনে ভিন্নরূপ যাহা কিছু থাকুক না কেন, বাংলাদেশে প্রস্তুতকৃত, উৎপাদিত বা আমদানিকৃত কোন পণ্যের বিক্রেতা, হস্তান্তরকারী বা ইজারা প্রদানকারী অথবা, দ্বিতীয় তফসিলে বর্ণিত সেবা ব্যতীত, কোন সেবা প্রদানকারী কোন ব্যক্তি যিনি ধারা ১৫ ও উপ-ধারা (১) এর আওতা-বহির্ভূত তিনি ইচ্ছা করিলে করযোগ্য পণ্য সরবরাহকারী বা করযোগ্য সেবা প্রদানকারী হিসাবে স্বেচ্ছায় নিবন্ধনের জন্য বিধি দ্বারা নির্ধারিত ফরমে ও পদ্ধতিতে সংশ্লিষ্ট কর্মকর্তার নিকট আবেদন করিতে পারিবেন এবং উক্ত আবেদনপত্র সর্বতোভাবে যথাযথ বলিয়া সংশ্লিষ্ট কর্মকর্তা সন্তুষ্ট হইলে তিনি আবেদনকারীকে নিবন্ধিত করিবেন এবং তাহার ব্যবসায় সনাক্তকরণ সংখ্যা উল্লেখ করিয়া তাহাকে একটি নিবন্ধনপত্র প্রদান করিবেন; এবং এইরূপ নিবন্ধিত ব্যক্তি এই আইনের অধীন করদাতা হিসাবে বিবেচিত হইবেন এবং এই আইনের অধীন কর নিরূপণ ও পরিশোধ সম্পর্কিত সংশ্লিষ্ট সকল বিধান তাহার ক্ষেত্রে প্রযোজ্য হইবে।”

(৬) প্রথম তফসিলের প্রথম কলামের শিরনামা সংখ্যা (Heading No.) ১৫.০২ এবং উহার বিপরীতে দ্বিতীয় ও তৃতীয় কলামের এন্ট্রিসমূহ বিলুপ্ত হইবে;

(৭) দ্বিতীয় তফসিলের প্রথম কলামের-

(ক) শিরনামা সংখ্যা S০০৪ এর বিপরীতে তৃতীয় কলামে সেবা প্রদানকারী “নির্মাণ সংস্থা” এর ব্যাখ্যায় “অবকাঠামো নির্মাণ করিয়া থাকে বা থাকেন” শব্দগুলির পরিবর্তে “অবকাঠামো নির্মাণ, মেরামত বা রক্ষণাবেক্ষণ করিয়া থাকে বা থাকেন” শব্দগুলি ও কমাটি প্রতিস্থাপিত হইবে;

(খ) শিরনামা সংখ্যা S০০৫ এর বিপরীতে তৃতীয় কলামের এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা :-

“পণ্যাগার:

ব্যাখ্যা :

“পণ্যাগার” অর্থ এমন কোন উন্মুক্ত বা অন্যবিধ স্থান যেখানে স্থানীয়ভাবে উৎপাদিত, আমদানিকৃত বা রপ্তানিযোগ্য বা অন্য যে কোন পণ্য পণের বিনিময়ে বা প্রকারান্তরে, মজুদ বা সংরক্ষণ করা হয়; তবে যে স্থানে কোন নিবন্ধিত ব্যক্তি কর্তৃক তাহার কর পরিশোধিত বা অন্যবিধ নিজস্ব পণ্য অথবা অনিবন্ধিত কোন ব্যক্তির নিজস্ব কোন পণ্য তাহার মালিকানাধীন বা দখলাধীন বা নিয়ন্ত্রণাধীন স্থানে মজুদ বা সংরক্ষণ করা হয় সেই স্থান ইহার অন্তর্ভুক্ত হইবে না।”;

(গ) শিরনামা সংখ্যা S০১৫ এর বিপরীতে তৃতীয় কলামের এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা :-

“ফ্রেইট ফরোয়ার্ডার্স এবং ক্লিয়ারিং ও ফরোয়ার্ডিং সংস্থা :

ব্যাখ্যা :

(ক) “ফ্রেইট ফরোয়ার্ডার্স” অর্থ পণের বিনিময়ে পণ্য মোড়কজাতকরণ বা অন্যের দ্বারা মোড়কজাতকৃত বা মোড়কজাতকরণ ব্যতীত কোন পণ্য বুকিং এর মাধ্যমে গন্তব্যস্থলে প্রেরণের জন্য বাণিজ্যিক ভিত্তিতে পরিবহন ব্যবসায় সংক্রান্ত কার্য সম্পাদনকারী ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা;

(খ) “ক্লিয়ারিং ও ফরোয়ার্ডিং সংস্থা” অর্থ বিদেশ হইতে আমদানিকৃত বা বিদেশে রপ্তানিযোগ্য কোন পণ্য পণের বিনিময়ে বা খোদ-খালাসী (Self-clearance) এর উদ্দেশ্যে গুরু আনুষ্ঠানিকতা সম্পন্ন করার লক্ষ্যে Customs Act, 1969 (IV of 1969) এর section 207 এর অধীন লাইসেন্সপ্রাপ্ত কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা।”;

(ঘ) শিরনামা সংখ্যা S০২৪ এর বিপরীতে তৃতীয় কলামের এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা :-

“আসবাবপত্রের বিপণন কেন্দ্র :

ব্যাখ্যা :

“আসবাবপত্রের বিপণন কেন্দ্র” অর্থ নিজস্ব প্রস্তুতকৃত বা অন্যের দ্বারা প্রস্তুতকৃত যে কোন আসবাবপত্র পণের বিনিময়ে বিক্রয়ের স্থান এবং উক্তরূপ আসবাবপত্রের প্রস্তুত ও মেরামতের স্থানও এই ব্যাখ্যার আওতাভুক্ত হইবে।”;

(ঙ) শিরনামা সংখ্যা S০৩০ এবং উহার বিপরীতে দ্বিতীয় ও তৃতীয় কলামের এন্ট্রিসমূহের পর নিম্নবর্ণিত শিরনামা সংখ্যা ও এন্ট্রিসমূহ সংযোজিত হইবে, যথা :-

“S০৩১ S০৩১'০০ “পণের বিনিময়ে করযোগ্য পণ্য মেরামত বা সার্ভিসিং এর কাজে নিয়োজিত ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা :

ব্যাখ্যা :

“পণের বিনিময়ে করযোগ্য পণ্য মেরামত বা সার্ভিসিং এর কাজে নিয়োজিত ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা” অর্থ পণের বিনিময়ে নিজস্ব প্ল্যান্ট, মেশিনারী বা যন্ত্রপাতি দ্বারা অন্যের মালিকানাধীন কোন করযোগ্য পণ্য মেরামত বা সার্ভিসিং এর কাজে নিয়োজিত কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা।”;

(চ) তৃতীয় তফসিলের পরিবর্তে এই আইনের দ্বিতীয় তফসিলে বর্ণিত তফসিল প্রতিস্থাপিত হইবে।

১০। (১) উপ-ধারা (২), (৩), (৪) এবং (৫) এর বিধানাবলী সাপেক্ষে, ১৯৯৪ সালের ১লা জুলাই তারিখে আরক্ক কর বৎসরের জন্য কোন কর নির্ধারণের ক্ষেত্রে তৃতীয় তফসিলে নির্দিষ্ট কর হার অনুযায়ী আয়কর ধার্য হইবে।

(২) (ক) ১৯৯৪ সনের ১লা জুলাই তারিখে আরক্ক কর বৎসরে বাংলাদেশে কোম্পানী হিসাবে নিবন্ধিত নহে এইরূপ কোম্পানী ব্যতীত অন্য কোন করদাতার মোট আয়ের মধ্যে যদি রপ্তানী ব্যবসায় হইতে প্রাপ্ত কোন মুনাফা অন্তর্ভুক্ত থাকে তাহা হইলে দফা (খ) ও (গ) এর বিধান সাপেক্ষে উক্ত আয়ের উপর প্রদেয় আয়কর ৫০% হারে হ্রাস করা যাইবে।

ব্যাখ্যা।- এই দফার উদ্দেশ্যে,-

(১) স্থানীয়ভাবে প্রস্তুতকৃত যন্ত্রপাতি, সরঞ্জামাদি এবং দেশের উৎপাদিত অন্যান্য তৈয়ারী পণ্যসামগ্রী যদি কোন সংস্থার নিকট তাহাদের বৈদেশিক মুদ্রার কোটায় সংগ্রহণ কার্যক্রমের অধীনে বিক্রয় করা হয়; অথবা

(২) স্থানীয়ভাবে প্রস্তুতকৃত কাঁচামাল এবং অন্যান্য উপকরণাদি যদি অভ্যন্তরীণ ব্যাক-টু-ব্যাক ঋণ পত্রের ভিত্তিতে রপ্তানীমুখী শিল্পসমূহে সরবরাহ করা হয়,

তবে তাহাও “রপ্তানী ব্যবসায়” এর সংজ্ঞাভুক্ত হইবে।

(খ) নিম্নবর্ণিত দ্রব্যাদি বা দ্রব্যাদির শ্রেণীসমূহের ক্ষেত্রে (ক) দফায় বর্ণিত বিধান প্রযোজ্য হইবে না, যথা :-

(১) চা;

(২) কাঁচা পাট;

(৩) পাটজাত দ্রব্যাদি;

(৪) কাঁচা চর্মাди এবং ওয়েট-ব্লু চামড়া;

(৫) জাতীয় রাজস্ব বোর্ড সময় সময় প্রজ্ঞাপনের মাধ্যমে এই তালিকায় অন্তর্ভুক্ত করিতে পারে এইরূপ অন্যান্য দ্রব্যাদি ;

(গ) রপ্তানী ব্যবসায় হইতে উদ্ভূত মুনাফা নিরূপণ ও উহার উপর আরোপণযোগ্য কর নির্ধারণ এবং এই উপ-ধারার বিধানসমূহ কার্যকর করণের উদ্দেশ্যে জাতীয় রাজস্ব বোর্ড প্রয়োজনীয় বিধিমালা প্রণয়ন করিতে পারিবে।

(৩) ১৯৯৪ সনের ১লা জুলাই তারিখে আরম্ভ কর বৎসরে কোন করদাতার, বাংলাদেশে কোম্পানী হিসাবে নিবন্ধিত নহে এইরূপ করদাতা ব্যতীত, মোট আয়ের মধ্যে যদি যাত্রীবাহী লঞ্চ হইতে লব্ধ মুনাফা অন্তর্ভুক্ত থাকে, তাহা হইলে ঐ মুনাফার উপর আরোপণযোগ্য আয়কর ৫০% হারে হ্রাস করা হইবে।

(৪) ১৯৯৪ সনের ১লা জুলাই তারিখে আরম্ভ কর বৎসরে বাংলাদেশে নিবাসী কোন করদাতা যদি বাংলাদেশের বাহিরে উদ্ভূত কোন আয় সরকারী মাধ্যমে (official channel) এ বাংলাদেশে আনয়ন করেন এবং উহা বাংলাদেশে স্থাপিত কোন নূতন শিল্প প্রতিষ্ঠানে সরাসরি বিনিয়োগ করেন, অথবা সরকারী মালিকানাধীন কোন অর্থ প্রতিষ্ঠান কর্তৃক নিলামে বিক্রীত শিল্প প্রতিষ্ঠান, ষ্টক, শেয়ার, সরকারী বন্ড বা সিকিউরিটি ক্রয়ে বিনিয়োগ করেন, তাহা হইলে তাহার ঐ আয়ের উপর কোন আয়কর প্রদেয় হইবে না।

(৫) ১৯৯৪ সনের ১লা জুলাই তারিখে আরম্ভ কর বৎসরে কোন অনিবাসী করদাতা যদি বাংলাদেশের বাহির হইতে কোন অর্থ সরকারী মাধ্যম (official channel) এ বাংলাদেশে আনয়ন করেন এবং উহা বাংলাদেশে স্থাপিত কোন নূতন শিল্প প্রতিষ্ঠানে সরাসরি বিনিয়োগ করেন, অথবা সরকারী মালিকানাধীন কোন অর্থ প্রতিষ্ঠান কর্তৃক নিলামে বিক্রীত শিল্প প্রতিষ্ঠান, ষ্টক, শেয়ার, সরকারী বন্ড বা সিকিউরিটি ক্রয়ে বিনিয়োগ করেন, তাহা হইলে তাহার ঐ বিনিয়োগকৃত অর্থের উপর কোন আয়কর প্রদেয় হইবে না।

(২) স্থানীয়ভাবে প্রস্তুতকৃত কাঁচামাল এবং অন্যান্য উপকরণাদি যদি অত্যন্ত
নীচ ব্যাক-টু-ব্যাক স্থান পত্রের ভিত্তিতে রপ্তানীমুখী শিল্পসমূহে সরবরাহ
করা হয়,

তবে তাহাও “রপ্তানী ব্যবসায়” এর সংজ্ঞাভুক্ত হইবে।

(খ) নিম্নবর্ণিত দ্রব্যাদি বা দ্রব্যাদির শ্রেণীসমূহের ক্ষেত্রে (ক) দফায় বর্ণিত
বিধান প্রযোজ্য হইবে না, যথা :-

(১) চা;

(২) কাঁচা পাট;

(৩) পাটজাত দ্রব্যাদি;

(৪) কাঁচা চর্মাাদি এবং ওয়েট-লু চামড়া;

(৫) জাতীয় রাজস্ব বোর্ড সময় সময় প্রজ্ঞাপনের মাধ্যমে এই তালিকায়
অন্তর্ভুক্ত করিতে পারে এইরূপ অন্যান্য দ্রব্যাদি ;

(গ) রপ্তানী ব্যবসায় হইতে উদ্ভূত মুনাফা নিরূপণ ও উহার উপর
আরোপণযোগ্য কর নির্ধারণ এবং এই উপ-ধারার বিধানসমূহ কার্যকর
করণের উদ্দেশ্যে জাতীয় রাজস্ব বোর্ড প্রয়োজনীয় বিধিমালা প্রণয়ন
করিতে পারিবে।

(৩) ১৯৯৪ সনের ১লা জুলাই তারিখে আরম্ভ কর বৎসরে কোন করদাতার,
বাংলাদেশে কোম্পানী হিসাবে নিবন্ধিত নহে এইরূপ করদাতা ব্যতীত, মোট
আয়ের মধ্যে যদি যাত্রীবাহী লঞ্চ হইতে লব্ধ মুনাফা অন্তর্ভুক্ত থাকে, তাহা হইলে
ঐ মুনাফার উপর আরোপণযোগ্য আয়কর ৫০% হারে হ্রাস করা হইবে।

(৪) ১৯৯৪ সনের ১লা জুলাই তারিখে আরম্ভ কর বৎসরে বাংলাদেশে
নিবাসী কোন করদাতা যদি বাংলাদেশের বাহিরে উদ্ভূত কোন আয় সরকারী
মাধ্যমে (official channel) এ বাংলাদেশে আনয়ন করেন এবং উহা
বাংলাদেশে স্থাপিত কোন নূতন শিল্প প্রতিষ্ঠানে সরাসরি বিনিয়োগ করেন, অথবা
সরকারী মালিকানাধীন কোন অর্থ প্রতিষ্ঠান কর্তৃক নিলামে বিক্রীত শিল্প প্রতিষ্ঠান,
ষ্টক, শেয়ার, সরকারী বন্ড বা সিকিউরিটি ক্রয়ে বিনিয়োগ করেন, তাহা হইলে
তাঁহার ঐ আয়ের উপর কোন আয়কর প্রদেয় হইবে না।

(৫) ১৯৯৪ সনের ১লা জুলাই তারিখে আরম্ভ কর বৎসরে কোন অনিবাসী
করদাতা যদি বাংলাদেশের বাহির হইতে কোন অর্থ সরকারী মাধ্যম (official
channel) এ বাংলাদেশে আনয়ন করেন এবং উহা বাংলাদেশে স্থাপিত কোন
নূতন শিল্প প্রতিষ্ঠানে সরাসরি বিনিয়োগ করেন, অথবা সরকারী মালিকানাধীন
কোন অর্থ প্রতিষ্ঠান কর্তৃক নিলামে বিক্রীত শিল্প প্রতিষ্ঠান, ষ্টক, শেয়ার, সরকারী
বন্ড বা সিকিউরিটি ক্রয়ে বিনিয়োগ করেন, তাহা হইলে তাঁহার ঐ বিনিয়োগকৃত
অর্থের উপর কোন আয়কর প্রদেয় হইবে না।

(৬) যে সকল ক্ষেত্রে Income Tax Ordinance, 1984 (XXXVI of 1984) এর SECOND SCHEDULE প্রযোজ্য হইবে সে সকল ক্ষেত্রে আরোপনযোগ্য কর উক্ত SCHEDULE অনুসারেই ধার্য করা হইবে, কিন্তু করের হার নির্ধারণের ক্ষেত্রে উপ-ধারা (১) এর বিধান প্রয়োগ করিতে হইবে।

(৭) Income Tax Ordinance, 1984 (XXXVI of 1984) এর Chapter VII অনুসারে কর কর্তনের নিমিত্ত তৃতীয় তফসিলে নির্দিষ্ট কর হার ১৯৯৪ সালের ১লা জুলাই তারিখে আরম্ভ এবং ১৯৯৫ সালের ৩০শে জুন তারিখে সমাপ্য বৎসরের জন্য প্রযোজ্য হইবে।

(৮) এই ধারায় এবং এই ধারার অধীনে আরোপিত কর হারের উদ্দেশ্যে ব্যবহৃত “মোট আয়” (total income) অভিব্যক্তিতে Income Tax Ordinance, 1984 (XXXVI of 1984) এর বিধান অনুসারে নিরূপিত “মোট আয়” (total income) বুঝাইবে।

প্রথম তফসিল

(ধারা ৪ দ্রষ্টব্য)

Customs Act, 1969 (IV of 1969) এর FIRST SCHEDULE এ উল্লিখিত কলাম (1) এর নিম্নবর্ণিত Heading No. সমূহের বিপরীতে কলাম (2) এর H. S. Code সমূহ এবং উহাদের বিপরীতে কলাম (3), কলাম (4), কলাম (5) ও কলাম (6) এর এন্ট্রিসমূহ নিম্নরূপে প্রতিস্থাপিত হইবে, যথা :-

Heading No	H. S. Code	Description	Statutory Rate of Import Duty	Statistica l Unit	Statutory Rate of Export Duty
(1)	(2)	(3)	(4)	(5)	(6)
06.01	0601.10.00	-Bulbs, tubers, tuberous roots, corms, crowns, and rhizomes, dormant	15%	Kg	20%
	0601.20.00	-Bulbs, tubers, tuberous roots, corms, crowns, and rhizomes, in growth or in flower; chicory plants and roots	15%	Kg	20%
06.02	0602.10.00	-Unrooted cuttings and slips	15%	Kg	20%
	0602.20.00	-Trees, shrubs and bushes, grafted or not, of kinds which bear edible fruit or nuts	15%	Kg	20%

তৃতীয় তফসিল
[ধারা ১০ দ্রষ্টব্য]
আয়করের হার

ক। Income Tax Ordinance, 1984 (XXXVI of 1984) এর section 2(46) উল্লিখিত প্রত্যেক ব্যক্তি-করদাতা, হিন্দু যৌথ পরিবার, অনিবন্ধিত অংশীদারী কোম্পানী, ব্যক্তি-সংঘ এবং আইনের দ্বারা সৃষ্ট কৃত্রিম ব্যক্তির ক্ষেত্রে -যে সকল ক্ষেত্রে ঐ অনুচ্ছেদ প্রযোজ্য নহে-

	হার
(১) প্রথম ৫৫,০০০ টাকা পর্যন্ত মোট আয়ের উপর	শূন্য
(২) পরবর্তী ৭৫,০০০ টাকা পর্যন্ত মোট আয়ের উপর	১৫% অথবা ১২০০ টাকা এর মধ্যে যেইটি অধিক হয়।
(৩) পরবর্তী ১,৬০,০০০ টাকা পর্যন্ত মোট আয়ের উপর	২০%
(৪) অবশিষ্ট মোট আয়ের উপর	২৫%:

তবে শর্ত থাকে যে, কোন করদাতা যদি স্বল্প উন্নত এলাকা (Less Developed Area) বা ন্যূনতম উন্নত এলাকায় (Least Developed Area) অবস্থিত কোন ক্ষুদ্র বা কুটিরশিল্পের মালিক হন এবং উক্ত কুটিরশিল্পের দ্রব্যাদি উৎপাদনে নিয়োজিত থাকেন, তাহা হইলে তিনি উক্ত ক্ষুদ্র বা কুটিরশিল্প হইতে উদ্ভূত আয়ের উপর নিম্নবর্ণিত হারে আয়কর রেয়াত লাভ করিবেন:

রেয়াতের হার

- (অ) যে ক্ষেত্রে সংশ্লিষ্ট বৎসরের উৎপাদনের পরিমাণ পূর্ববর্তী বৎসরের উৎপাদনের পরিমাণের তুলনায় ১৫% অধিক, কিন্তু ২৫% এর অধিক নহে, সেইক্ষেত্রে উক্ত আয়ের উপর প্রদেয় আয়করের ৫%;
- (আ) যে ক্ষেত্রে সংশ্লিষ্ট বৎসরের উৎপাদনের পরিমাণ পূর্ববর্তী বৎসরের উৎপাদনের পরিমাণের তুলনায় ২৫% অধিক হয়, সেইক্ষেত্রে উক্ত আয়ের উপর প্রদেয় আয়করের ১০%।

ব্যাখ্যা।- এই অনুচ্ছেদে ব্যবহৃত “স্বল্প উন্নত এলাকা (Less Developed Area)” এবং “ন্যূনতম উন্নত এলাকা (Least Developed Area)” বলিতে ঐ সকল স্থান বুঝাইবে যাহা S.R.O 411-L/85 এবং S.R.O 412-L/85, তারিখ ২২শে সেপ্টেম্বর, ১৯৮৫ এবং এস, আর, ও নং ৩৪২-আইন/৯০, তারিখ ৩০শে সেপ্টেম্বর, ১৯৯০ তে নির্দিষ্ট করা হইয়াছে।

খ। কোম্পানী, স্থানীয় কর্তৃপক্ষ এবং সেই সকল করদাতা যাহাদের ক্ষেত্রে Income Tax Ordinance, 1984 (XXXVI of 1984) অনুযায়ী সর্বোচ্চ হারে (at the maximum rate) আয়কর আরোপিত হয়-

(১) বাংলাদেশে যে কোম্পানীর রেজিস্ট্রীকৃত অফিস অবস্থিত সেই কোম্পানী হইতে লব্ধ ডিভিডেন্ড আয় ব্যতিরেকে অন্য সর্ব প্রকার আয়ের উপর,-

(ক) দফা (খ) তে বর্ণিত কোম্পানীসমূহের ক্ষেত্রে ব্যতীত,-

হার

- (অ) এইরূপ প্রত্যেক কোম্পানীর ক্ষেত্রে উক্ত আয়ের ৩৭.৫%
যাহা publicly traded company,
- (আ) এইরূপ প্রত্যেক কোম্পানীর ক্ষেত্রে উক্ত আয়ের ৪২.৫%
যাহা publicly traded company
নহে,

(খ) ব্যাংক, বীমা, অর্থলগ্নীকারী প্রতিষ্ঠানসমূহ এবং স্থানীয় কর্তৃপক্ষসহ Income Tax Ordinance, 1984-এর section 2-এর clause (20) এর sub-clause (a), (b), (bb), (bbb) ও (c) এর আওতাধীন অন্যান্য কোম্পানীর ক্ষেত্রে,

(২) Companies Act, 1913 (VII of 1913) এর অধীনে বাংলাদেশে নিবন্ধিত কোন কোম্পানী অথবা জাতীয় সংসদের আইন অনুযায়ী গঠিত সংবিধিবদ্ধ কোন প্রতিষ্ঠান হইতে ১৯৪৭ সালের ১৪ই আগস্টের পরে ইস্যুকৃত, প্রতিশ্রুত ও পরিশোধিত অংশ-পুঁজির উপরে ঘোষিত এবং পরিশোধিত ডিভিডেন্ড আয়ের উপর,

উক্ত আয়ের ১৫%

বাখ্যা।-এই অনুচ্ছেদে ব্যবহৃত "publicly traded company" বলিতে এইরূপ কোন পাবলিক লিমিটেড কোম্পানী বুঝাইবে যাহা নিম্নবর্ণিত শর্তাবলী পূরণ করে:-

- (ক) সংশ্লিষ্ট আয় বৎসরের সমাপ্তিতে পরিশোধিত মূলধনের অঙ্কতা ও তৃতীয়াংশ ইহার উদ্যোক্তা এবং পরিচালকমণ্ডলীর সদস্য ব্যক্তি অন্যান্যদের মালিকানায় থাকিতে হইবে;
- (খ) উদ্যোক্তা এবং পরিচালকমণ্ডলীর সদস্যগণ বেনামীতে কোন শেয়ার ক্রয় করিতে পারিবেন না;
- (গ) যে আয় বৎসরের আয়কর নির্ধারণ করা হইবে সেই আয় বৎসরে সমাপ্তির পূর্বে কোম্পানীটির শেয়ার স্টক এক্সচেঞ্জ তালিকাভুক্ত হইতে হইবে।

(৩) কোম্পানী নহে, বাংলাদেশে অনিবাসী, এইরূপ ^{হার} উক্ত আয়ের ২৫% কোন ব্যক্তি-শ্রেণীভুক্ত করদাতার ক্ষেত্রে,

গ। রেজিষ্টার্ড ফার্মের ক্ষেত্রে নিম্নবর্ণিত হারে আয়কর ধার্য করা হইবে-

	হার
(১) প্রথম ৫৫,০০০ টাকা পর্যন্ত মোট আয়ের উপর	শূন্য
(২) পরবর্তী ৫৫,০০০ টাকা পর্যন্ত মোট আয়ের উপর	১০%
(৩) পরবর্তী ১,১০,০০০ টাকা পর্যন্ত মোট আয়ের উপর	১৫%
(৪) পরবর্তী ১,১০,০০০ টাকা পর্যন্ত মোট আয়ের উপর	২০%
(৫) অবশিষ্ট মোট আয়ের উপর	২৫%:

তবে শর্ত থাকে যে, কোন রেজিষ্টার্ড ফার্মের আয়, মুনাফা ও লাভ (income, profits and gains) যদি পেশাভিত্তিক হয় এবং উক্ত ফার্মের আয়, মুনাফা ও লাভ সম্পূর্ণরূপে অথবা প্রধানতঃ অংশীদারদের ব্যক্তিগত যোগ্যতার উপর নির্ভরশীল হয় এবং ঐ সকল অংশীদারগণ আপাততঃ বলবৎ কোন আইন অথবা তাহারা যে পেশাজীবী সমিতি বা সংস্থার সদস্য তাহার রেওয়াজ, বিধি অথবা প্রবিধানের কারণে সীমাবদ্ধ দায়বিশিষ্ট কোন সংবিধিবদ্ধ সংস্থারূপে Companies Act, 1913 (VII of 1913) এর অধীনে কোম্পানী হিসাবে নিবন্ধিত হইতে না পারেন, তাহা হইলে উক্ত রেজিষ্টার্ড ফার্ম কর্তৃক কোন আয়কর প্রদেয় হইবে না, যদি না উক্ত পেশা সম্পূর্ণরূপে অথবা প্রধানতঃ অন্য কোন ব্যক্তিবর্গের পক্ষে চুক্তি সম্পাদন অথবা অন্য কোন ব্যক্তিবর্গকে চুক্তি সম্পাদনের লক্ষ্যে বাণিজ্য সম্পর্কিত পরামর্শ প্রদানের প্রকৃতির হয়।

ব্যাখ্যা।- এই অনুচ্ছেদে ব্যবহৃত “রেজিষ্টার্ড ফার্ম” অর্থ Income Tax Ordinance, 1984 (XXXVI of 1984) এর section 111 এর অধীনে রেজিস্ট্রীকৃত কোন ফার্ম।

ঘোষণা

The Provisional Collection of Taxes Act, 1931 (XVI of 1931) এর section 3 এর বিধান অনুযায়ী এতদ্বারা ঘোষণা করা যাইতেছে যে এই বিলের ৪ ও ৯ দফাগুলি জনস্বার্থে অবিলম্বে কার্যকর করা সমীচীন ও প্রয়োজনীয়।

Bangladesh Tax Update
www.kdroy.com.bd/www.ltr.com.bd